


বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি  
কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং-৪৭.৬৩.০০০০.০৪১.১৬.৭৭০.২২/ ২৫২১

তারিখ: ২৪/১২/২০২৩ খ্রি:

বিজ্ঞপ্তি

বার্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভা আগামী ২৬ ডিসেম্বর ২০২৩ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় বার্ডের ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত অবহিতকরণ সভায় বার্ডের সম্মানিত মহাপরিচালক জনাব মোঃ হারুন-অর-রশিদ মোল্লা (অতিরিক্ত সচিব) সভাপতি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত সভায় আমন্ত্রিত সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
(বেনজির আহমেদ)

যুগ্ম পরিচালক (প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। পরিচালক (সকল), বার্ড।
- ২। পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, কোটবাড়ী, কুমিল্লা।
- ৩। উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, কোটবাড়ী, কুমিল্লা।
- ৪। ফোকাল পার্সন (এপিএ, এনআইএস, সেবা প্রদান প্রতিশ্রুতি, ইনোভেশন, তথ্য অধিকার)
- ৫। ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, কোটবাড়ী শাখা, কুমিল্লা।
- ৬। কাস্টোডিয়ান, ময়নামতি যাদুঘর, কোটবাড়ী, কুমিল্লা।
- ৭। সহকারী প্রকৌশলী, বার্ড।
- ৮। সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।
- ৯। সহকারী পরিচালক (ফার্ম), বার্ড।
- ১০। সহকারী পরিচালক (গ্রন্থাগার), বার্ড।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, বার্ড।
- ১২। মেডিকেল অফিসার, বার্ড।
- ১৩। এক্সেট-কাম-স্টোর অফিসার, বার্ড।
- ১৪। প্রশাসনিক কর্মকর্তা, বার্ড।
- ১৫। সেকশন অফিসার (সকল), বার্ড।
- ১৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী- মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৭। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী- মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৮। অফিস কপি/মাস্টার কপি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)  
কোটবাড়ী, কুমিল্লা

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডার সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ হাবুন-অর-রশিদ মোল্লা  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বার্ড।

স্থান : ১নং সম্মেলন কক্ষ  
তারিখ : ২৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ  
সময় : সকাল ১১:০০ ঘটিকা


উপস্থিত সদস্যবৃন্দ : ২৫ জন।


আলোচনা :

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা করা হয়:

১. জনাব বেনজির আহমেদ (যুগ্মপরিচালক) ‘অভিযোগ’ এবং ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা’ বিষয়ে সভায় উপস্থিত অংশীজনদের অবহিত করেন। ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা’ অনলাইন প্ল্যাটফরমে দাখিল করার প্রয়োজনীয়তা তিনি ব্যাখ্যা করেন। তিনি বলেন সেবাপ্রত্যাশীদের অসন্তোষ প্রকাশ এবং এ বিষয়ে প্রতিকার চাওয়ার একটি কার্যকর ব্যবস্থা থাকলে তাঁদের অসন্তোষ প্রশমনের সুযোগ সৃষ্টি হয়। কার্যত এ লক্ষ্যেই অভিযোগ প্রতিকার ব্যবস্থার অনলাইন প্ল্যাটফরম প্রস্তুত করা হয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।
২. অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ব্যবহৃত অনলাইন প্ল্যাটফরম বিষয়ে জনাব বেনজির আহমেদ (যুগ্মপরিচালক) সংশ্লিষ্ট অংশীজনদের অবহিত করেন। তিনি হাতে-কলমে এই বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন এবং অংশীজনদের নানাবিধ প্রশ্নের উত্তর প্রদান করেন।
৩. বার্ড আগত প্রশিক্ষণার্থীরা প্রয়োজনে বার্ডের সেবা সংশ্লিষ্ট যাবতীয় অভিযোগ অথবা সরকারি সেবা সংশ্লিষ্ট যাবতীয় অভিযোগ <https://www.grs.gov.bd/> - এই ওয়েবলিংক এ যেয়ে দায়ের করতে পারবেন। তিনি এই বিষয়টি সরাসরি সভায় উপস্থিত অংশীজনদের প্রদর্শন করেন।
৪. এছাড়াও জনাব বেনজির আহমেদ অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার দায়িত্ব নিয়েও আলোচনা করেন। তিনি আপিল কর্তৃপক্ষের দায়িত্ব নিয়ে আলোচনা করেন।
৫. বার্ডের বিভিন্ন স্টেকহোল্ডারগণ এবং কর্মকর্তা-কর্মচারী দাপ্তরিক কোন বিষয়ে অভিযোগ থাকলে তা দায়ের এবং প্রশমন করার ব্যবস্থা নিয়েও উক্ত সভায় আলোচনা হয়।

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(বেনজির আহমেদ)  
যুগ্মপরিচালক (প্রশাসন)  
ও  
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

  
(মোঃ হাবুন-অর-রশিদ মোল্লা)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ও  
সভাপতি  
অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডার সমন্বয়ে  
অবহিতকরণ সভা





অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও  
জিআরএম সফটওয়্যার বিষয়ক

অবহিতকরণ সভা

২৬ ডিসেম্বর ২০২৩



বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)  
কোটবাড়ী কুমিল্লা





অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও  
জিআরএস মফটওয়ার বিষয়ক  
অবহিতকরণ সভা  
২৬ ডিসেম্বর ২০২০  
বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)  
কোটবাড়ী, মিল্লা

